



# উদ্ভাবনী ধারণা: ডিজিটাল তথ্য সেবা বিবিএস, যশোর

২২ জানুয়ারি, ২০২৪



বাংলাদেশ পরিসংখ্যান বুরো

জেলা পরিসংখ্যান অফিস

৪৫, অধিকা বসু লেন

পশ্চিম বারান্দীপাড়া, কদমতলা, যশোর

[www.bbs.jessore.gov.bd](http://www.bbs.jessore.gov.bd)

## উদ্ভাবনী ধারণা: ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর

### ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর উদ্ভাবনী ধারণার প্রেক্ষাপট/বর্ণনা:

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অন্যতম একটি শর্ত হলো ডিজিটাল মাধ্যমের সুব্যবহার। এরই প্রেক্ষিতে জেলা পরিসংখ্যান অফিস, যশোর কর্তৃক 'ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর' শিরোনামের উদ্ভাবনী ধারণার সূত্রপাত। ডিজিটাল পদ্ধতিতে অফিসিয়াল ফেসবুক পেইজের মাধ্যমে তথ্য অধিকার আইন মোতাবেক অধিকতর দ্রুত সময়ে তথ্য সেবা প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে এই উদ্ভাবনী ধারণার প্রতিসরণ সম্ভব। এ লক্ষ্যে ২২ জানুয়ারি ২০২৩ তারিখে 'ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর' নামে জেলা পরিসংখ্যান অফিস, যশোর কর্তৃক একটি অফিসিয়াল ফেসবুক পেইজ সৃষ্টি করা হয়। উক্ত মাধ্যমে তথ্য প্রাপ্তিতে তথ্য গ্রহীতার সময় ও শ্রম সাশ্রয় হবে এবং বিনামূল্যে সেবা গ্রহণের সুযোগ পাবে। তদুপরি তথ্য গ্রহণে তথ্য গ্রহীতার হয়রানি ও প্রতারণা হ্রাস পাবে।

### ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর উদ্ভাবনী ধারণার উদ্দেশ্য:

- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল মাধ্যম ব্যবহার
- তথ্য সেবার মান সহজীকরণ
- দ্রুততর সময়ে তথ্য সেবা প্রদান
- সেবা গ্রহীতা নিজ অবস্থানে থেকে তথ্য সেবা প্রাপ্তি
- সেবা গ্রহীতার সময় ও শ্রম সাশ্রয়
- তথ্য সেবা বিনামূল্যে প্রাপ্তি
- অফিসিয়াল পেইজের মাধ্যমে তথ্য গ্রহণে তথ্য গ্রহীতার হয়রানি বা প্রতারণা হ্রাস
- সুনির্দিষ্ট ব্যক্তি নির্ভরতার হার কমানো


### ডিজিটাল তথ্য সেবার ইতিবাচক সম্ভাবনা:

ডিজিটাল তথ্য সেবার মাধ্যমে সুনির্দিষ্ট ব্যক্তির উপর নির্ভরতার হার হ্রাস পাবে। পাশাপাশি, তথ্য গ্রহীতার সময় ও শ্রম লাঘব হবে। তথ্য গ্রহণে তথ্য গ্রহীতার কোন ধরনের হয়রানি ও প্রতারণার ঝুঁকি কমবে। ডিজিটাল তথ্য সেবার ক্ষেত্রে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের গাইডলাইন প্রস্তুতকরণ এবং যথোপযুক্ত প্রচার প্রচারণার মাধ্যমে সকল পর্যায়ে সকলের নিকট বিষয়টি পৌঁছে দেওয়া সম্ভব।

## ডিজিটাল তথ্য সেবার রূপরেখা:

সামাজিক যোগাযোগ মাধ্যম অফিসিয়াল ফেসবুক পেইজে সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, সংবাদকর্মী, এনজিও, শিক্ষার্থী, সুশীল সমাজের নাগরিকগণসহ সর্বোপরি বাংলাদেশের যে কোন নাগরিক তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। আবেদন প্রাপ্তির পর উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগতকরণ এবং অনুমোদন ও দিকনির্দেশনা মোতাবেক তথ্যসূত্র নির্ধারণ করা হবে। তৎপরিপ্রেক্ষিতে তথ্য প্রস্তুত করে যাচাইপূর্বক তথ্য গ্রহীতাকে তথ্য প্রদান করা হবে।

### প্রসেস ম্যাপ



## ডিজিটাল তথ্য সেবার উপকারভোগী:

সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, সংবাদকর্মী, এনজিও, শিক্ষার্থী, সুশীল সমাজের নাগরিকগণসহ সর্বোপরি যে কোন নাগরিকই এই সেবা প্রাপ্তির আওতাভুক্ত।

## ডিজিটাল তথ্য সেবার সুবিধা ও ঝুঁকি:

### সুবিধা:

ডিজিটাল তথ্য সেবার বাস্তবায়নের মাধ্যমে সেবার মান অধিকতর সময়োপযোগী হয়ে উঠবে। যে কোন ব্যক্তি যে কোন সময় নিজ অবস্থানে/ঘরে বসে তথ্য সেবার আওতায় আসতে সক্ষম হবে। গ্লোবাল ভিলেজ ধারণাটি বাস্তবায়নের ক্ষেত্রে ডিজিটাল তথ্য সেবা অবদান রাখতে পারবে। এই সেবাটি বিনামূল্যে স্বল্পতর সময়ে তথ্য সেবা গ্রহীতার নিকট পৌঁছাবে, যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অনেকাংশে ভূমিকা রাখবে।

### ঝুঁকি:

ডিজিটাল তথ্য সেবায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের সুনির্দিষ্ট দিক নির্দেশনা না থাকা এবং তথ্য প্রাপ্তির উক্ত সুবিধা গ্রহণ করার সুযোগ ও সক্ষমতার ঘাটতি থাকায় কিছু তথ্য গ্রহীতা এই সুবিধা থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা রয়েছে। কিন্তু যথোপযুক্ত প্রচার প্রচারণার মাধ্যমে সকল পর্যায়ে সকলের নিকট এই সুবিধাটি পৌঁছে দেওয়া সম্ভব।


## উদ্ভাবনী সেবার লিংক:

<https://www.facebook.com/profile.php?id=100089469588702>

## TCV ক্যালকুলেশন:

TCV	সময় (T)	খরচ (C)	যাতায়াত (V)	মান (Q)
উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়নের পূর্বে	১ বা ২ দিন	অফিস আনুষাঙ্গিক বাজেট থেকে খরচ	তথ্য গ্রহীতার দুরত্ব অনুযায়ী	ম্যানুয়াল
উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়নের পরে	৩০ মিনিট	কাগজবিহীন, শূন্য (০)	কোন খরচ হয় না	ডিজিটাল

## প্রত্যাশিত ফলাফল (তথ্যচিত্র)



**ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর**  
April 9, 2023 · 3

**জনশুমারি ও গৃহগণনা ২০২২**  
**প্রাথমিক প্রতিবেদন**

**জনসংখ্যা ও লিঙ্গানুপাত**

	মোট জনসংখ্যা	লিঙ্গাভিত্তিক বিভাজন				লিঙ্গানুপাত
		পুরুষ	মহিলা	হিজড়া	মোট	
বাংলাদেশ	১৬৫,১৫৮,৩১৬	৮১,৭১২,৮২৪	৮৩,৩৪৭,২০৬	১২,৬২৯	১৬৫,০৭২,৬৫৯	৯৮.০৪
খুলনা	১৭,৪১৬,৬৪৫	৮,৬২০,১১৪	৮,৭৮৬,৫৫৪	১,১৪৮	১৭,৪০৭,৮১৬	৯৮.১১
যশোর	৩,০৭৬,৮৪৯	১,৫২২,৭৬৩	১,৫৪৯,১৪৬	১৯৫	৩,০৭২,১০৪	৯৮.৩০

Boost this post to reach up to 4645 more people daily if you spend BDT773. **Boost post**

Like Comment Share

Write a comment...

You're commenting as যশোর জেলা পরিসংখ্যান অফিস.

### উপসংহার:

ডিজিটাল তথ্য সেবার বাস্তবায়নের মাধ্যমে সেবার মান অধিকতর সমন্বয়যোগী এবং সহজতর হয়েছে। যথোপযুক্ত প্রচার প্রচারণার মাধ্যমে সকল পর্যায়ে সকলের নিকট এই সুবিধাটি পৌঁছে দিতে পারলে এবং ডিজিটাল পদ্ধতিসমূহ ব্যবহারের বিষয়টি প্রত্যেকের সুযোগ ও সক্ষমতার আওতায় আসলে ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, যশোর উদ্ভাবনী ধারণাটি সার্থক হবে।